বিশেষ অনুশীলন -২০২০

শ্রেণি : একাদশ

বিষয় ঃ ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র (বহুনির্বাচনি)

সময় ঃ ১ ঘন্টা ১৫ মিনিট পূর্ণমান-৫০

১। ব্যবসায় অর্থায়নের মূল লক্ষ্য কোনটি?

ক) মুনাফা সর্বাধিকরণ খ) ব্যয় নিয়ন্ত্রণ

গ) জনকল্যাণ ঘ) সম্পদ সর্বাধিকরণ

* উদ্দীপকটি পড়ো এবং ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও :

রুপা লি. এর আর্থিক ব্যবস্থাপক জনাব রবি এমন একটি লক্ষ্য অর্জনের চেষ্টা করেছেন যেটি প্রতিষ্ঠানের শেয়ারের বাজারমূল্য বৃদ্ধির সাথে সম্পর্কিত।

২। জনাব রবি অর্থায়নের কোন লক্ষ্য অর্জনের চেষ্টা করছেন?

ক) মুনাফা সর্বোচ্চকরণ খ) সম্পদ সর্বোচ্চকরণ

গ) বিক্রয় সর্বোচ্চকরণ ঘ) ব্যয় সর্বনিম্নকরণ

৩। জনাব রবির অনুসৃত লক্ষের সুবিধা হলো-

i) অর্থের সময়মূল্য বিবেচনা করা

ii) নগদ প্রবাহ বিবেচনা করা

iii) ঝুঁকি বিবেচনা করা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪। বর্তমান মূল্য নির্ধারণের পদ্ধতিকে কী বলা হয়?

ক) চক্রবৃদ্ধিকরণ খ) বাট্টাকরণ

গ) প্রবৃদ্ধিকরণ ঘ) স্থানান্তরকরণ

৫। ট্রেজারি বন্ড কে ইস্যু করে?

ক) বাণিজ্যিক ব্যাংক খ) বিশেষায়িত ব্যাংক

গ) সরকার ঘ) বিমা অধিদপ্তর

৬। বিমা উন্নয়ন কর্তৃপক্ষ প্রতিষ্ঠিত হয় কোন সালে?

ক) ১৯৯১ খ) ১৯৯৩

গ) ২০০২ ঘ) ২০১০

৭। ব্যবসায় অর্থায়নের সামাজিক দায়বদ্ধতাসমূহ হলো-

i) ভোক্তার স্বার্থ সংরক্ষণ

ii) ঋণদাতার স্বার্থ সংরক্ষণ

iii) শেয়ার হোল্ডারদের স্বার্থ সংরক্ষণ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮। মানি লন্ডারিং সংগঠিত হওয়ার পর্যায়গুলো হলো-

i) প্লেসমেন্ট

ii) ইন্টিগ্রেশন

iii) লিভারেজ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

* উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও :

জনাব আব্দুল্লাহ একজন চাকরিজীবী। তিনি নিয়মিত বিভিন্ন কোম্পানির নতুন ইস্যুকৃত শেয়ারে অর্থ বিনিয়োগ করে থাকেন।

৯। জনাব আব্দুল্লাহ কোন ধরনের আর্থিক বাজারে নিয়মিত অর্থ বিনিয়োগ করে থাকেন?

ক) বন্ড খ) মুদ্রা

গ) প্রাথমিক ঘ) মাধ্যমিক

১০। জনাব আব্দুল্লাহর অর্থ বিনিয়োগ করার উদ্দেশ্য হলো-

i) লভ্যাংশ প্রাপ্তি

ii) পরোক্ষ কর্মসংস্থান

iii) মূলধনী আয় উপার্জন

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১১। ঋণপত্র কোন বাজারে বিক্রয় করা হয়?

ক) মুদ্রাবাজার খ) খুচরা বাজার

গ) পাইকারি বাজার ঘ) বন্ড বাজার

১২। ট্রেজারি বিল-

i) সরকার কর্তৃক ইস্যুকৃত

ii) লিখিত মূল্যে বিক্রীত

iii) স্বল্প সুদের হার সম্বলিত

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৩। পোর্টফোলিও গঠনের মূল উদ্দেশ্য কী?

ক) ঝুঁকি হ্রাস খ) মুনাফা হ্রাস

গ) মূলধন বৃদ্ধি ঘ) বিনিয়োগ বৃদ্ধি

১৪। পুঁজিবাজারের উপাদানবহির্ভূত কোনটি?

ক) ব্যবসায় ঋণ খ) সাধারণ শেয়ার

গ) অগ্রাধিকার শেয়ার ঘ) ঋণপত্র

১৫। মানি লন্ডারিং আইনে অভিযুক্ত হলে শাস্তির সময়কাল কত?

ক) ৬ মাস থেকে ৪ বছর খ) ৬ মাস থেকে ৫ বছর

গ) ৬ মাস থেকে ৭ বছর ঘ) ৬ মাস থেকে ৯ বছর

১৬। নিচের কোনটি অর্থের সময়মূল্য বিবেচনা করে?

ক) মূল্য সর্বোচ্চকরণ খ) মুনাফা সর্বোচ্চকরণ

গ) সম্পদ সর্বোচ্চকরণ ঘ) মূলধন সর্বোচ্চকরণ

১৭। কোন সংস্থাটি বাংলাদেশের শেয়ার বাজার নিয়ন্ত্রণ করে?

ক) BSTI খ) BSIC

গ) BSEC ঘ) BSRS

১৮। যৌথমূলধনী কোম্পানি তার মোট মূলধনকে কতগুলো ক্ষুদ্র ক্ষুদ্র সমান অংশে বিভক্ত করে, আর এই ক্ষুদ্র ক্ষুদ্র অংশকে বলে-

ক) সাধারণ শেয়ার খ) ক্ষুদ্র ঋণ

গ) অগ্রাধিকার শেয়ার ঘ) ঋণপত্র

১৯। শেয়ার বাজারের দুটি শ্রেণিবিভাগ হলো-

i) প্রাথমিক বাজার

ii) মুদ্রাবাজার

iii) মাধ্যমিক বাজার

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii  খ) i ও iii  গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২০। কোথায় তালিকাভুক্ত কোম্পানির শেয়ার লেনদেন হয়?

ক) বাংলাদেশ ব্যাংক  খ) স্টক এক্সচেঞ্জ

গ) ঋণ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ  ঘ) বিমা নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

২১। বাংলাদেশের দুইটি শেয়ার বাজার হলো-

i) ঢাকা স্টক এক্সচেঞ্জ

ii) চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ

iii) বাংলাদেশ ব্যাংক

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii  খ) i ও iii  গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২২। যে বার্ষিক বৃত্তির নগদ প্রবাহ প্রতি সময়কালের শুরুতে সংঘটিত হয় তাকে কী বলে?

ক) সাধারণ বার্ষিক বৃত্তি  খ) চিরস্থায়ী বৃত্তি

গ) অগ্রিম বার্ষিক বৃত্তি  ঘ) বিলম্বিত বার্ষিক বৃত্তি

২৩। একটি আমানত ৬ বছরে দ্বিগুণ হয়। এক্ষেত্রে বিধি- ৭২ অনুযায়ী সুদের হার কত?

ক) ১২%  খ) ১১.৮৫%

গ) ৮.৩৩%  ঘ) ৬%

২৪। ৬৯ বিধি অনুসারে চক্রবৃদ্ধি সুদের হার ১০% হলে ১,০০০ টাকা দ্বিগুণ হতে কত সময় লাগবে?

ক) ৬.১০ বছর  খ) ৭ বছর

গ) ৭.২৫ বছর  ঘ) ৭.৫০ বছর

২৫। কার্যকরী সুদের হার নির্ণয়ে কোন বিষয়ের প্রভাব সমন্বয় করা হয়?

ক) মুদ্রাস্ফীতি  খ) মেয়াদ

গ) চক্রবৃদ্ধির সংখ্যা  ঘ) অবচয়

২৬। অর্থের সময়মূল্যের সৃষ্টি হওয়ার কারণ কী?

ক) তারল্য  খ) মুদ্রানীতি

গ) সুদের হার  ঘ) আর্থিক নীতি

২৭। বছরে ৪ বার চক্রবৃদ্ধি করা হলে একককালীন অর্থের ক্ষেত্রে নিচের কোনটি ভবিষ্যৎ মূল্য নির্ণয়ের সূত্র?

ক) $FV = PV\left(১ + \frac{r}{m}\right)^{nm}$

খ) $FV = PV(1+r)^{n}$

গ) $PV = FV(1+r)^{n}$

ঘ) $PV = FV\left(১ + \frac{r}{m}\right)^{nm}$

* উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও:

মি. মাহির ১২% চক্রবৃদ্ধি সুদে তার এক মক্কেল সুমিকে ৫ বছরের জন্য ৫০,০০০ টাকা ঋণ প্রদান করল।

২৮। পাঁচ বছর পর সুমি কত টাকা পরিশোধ করবে?

ক) ৫৬,০০০ টাকা  খ) ৬২,৭২০ টাকা

গ) ৭৮,৬৭৬ টাকা  ঘ) ৮৮,১১৭ টাকা

২৯। উদ্দীপকের ঋণের সুদে বছরে দুইবার গণনা করলে মেয়াদ শেষে সুদাসল কত হবে?

ক) ৮৭,৫০০ টাকা  খ) ৮৮,৫৪২ টাকা

গ) ৮৯,৫০০ টাকা  ঘ) ৮৯,৫৪২ টাকা

৩০। জনাব মুকিম ১,০০,০০০ টাকা ১০ বছরের জন্য ব্যাংকে ১২% সুদে জমা দিতে চায় বার্ষিক চক্রবৃদ্ধিতে ১০ বছর পর মুকিম কত টাকা পাবে?

ক) ৩১০৫৮৪.৮২  খ) ৩১০৬৮৪.৮২

গ) ৩১০৭৮৪.৮২  ঘ) ৩১০৮৮৪.৮২

## সৃজনশীল প্রশ্ন

১. জনাব সিরাজুল ও জনাব সোহেল রানা দুইজন সহকর্মী। ~~জনাব~~ জনাব সিরাজুল তার অবসর তহবিল থেকে প্রাপ্ত ত্রিশ লক্ষ টাকা দিয়ে **A** লি. এর শেয়ার ক্রয় করলেন। ~~জনাব~~ জনাব সোহেল রানা **A** লি. ও **B** লি. এর শেয়ার ক্রয় করলেন দশ লক্ষ টাকা প্রতিটি কোম্পানি। বছর শেষে দেখা গেল **A** লি. লোকসানে থাকায় জনাব ~~জনাব~~ সিরাজুল কোনো লভ্যাংশ পেলেন না। কিন্তু জনাব সোহেল রানা অন্য দুটি কোম্পানি থেকে প্রত্যাশিত লভ্যাংশ পেলেন।

ক) অবলেখক কে ? ১

খ) 'কলমানি বাজার' বলতে কী বোঝ ? ২

গ) জনাব সোহেল রানা বিনিয়োগের ক্ষেত্রে অর্থায়নের কোন নীতি অনুসরণ করছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ) উদ্দীপকের দুইজন সহকর্মীর মধ্যে কার বিনিয়োগ সিদ্ধান্তকে তুমি উৎকৃষ্ট মনে করো? তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

২. জনাব মি. রাকিব একজন সফল ব্যবসায়ী। তিনি তার ৫ লক্ষ টাকা ৫ বছরের জন্য ব্যাংকে জমা রাখতে চান। তার কাছে দুটি ব্যাংকের দুটি বিকল্প প্রস্তাব রয়েছে। ডাকঘর সঞ্চয়ী ব্যাংক ১৩% হারে সরল সুদ প্রদানে আগ্রহী এবং রূপসা ব্যাংক লিমিটেড ১২% হারে চক্রবৃদ্ধি সুদ প্রদান করতে চায়। ব্যাংক ছাড়াও পদ্মা ইনস্যুরেন্স কোম্পানি লিমিটেড থেকে পাঁচ বছর শেষে ৯ লক্ষ টাকা প্রাপ্তির একটি বিকল্প প্রস্তাব তার নিকট আছে।

ক) অর্থের বর্তমান মূল্য কী ? ১

খ) "৭২ বিধি" বলতে কি বোঝায় ? ব্যাখ্যা কর। ২

গ) রূপসা ব্যাংকে জমা রাখলে জনাব আলম ৫ বছর পরে কত টাকা পাবেন ? ৩

ঘ) উদ্দীপকের তিনটি বিকল্প প্রস্তাবের মধ্যে জনাব রাকিব কোন প্রস্তাবটি গ্রহণ করবেন ? যুক্তিসহ বুঝিয়ে দাও। ৪